রুয়েট বুলেটিন

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি ত্রৈ-মাসিক প্রকাশনা

৩য় বর্ষ :: ১১তম সংখ্যা :: জুলাই-সেপ্টেম্বর ২০১৭

রুয়েটে ঈদের জামাত অনুষ্ঠিত

রুয়েটের কেন্দ্রীয় ঈদগাহে পবিত্র ঈদ-উল-আযহার নামায সকাল সাতটায় অনুষ্ঠিত হয়েছে। রাজশাহীতে এটিই ছিল সর্বপ্রথম ঈদের জামাত। সবার আগে ঈদ-উল-আযহার নামায অনুষ্ঠিত হওয়ায় জরুরী পেশাগত কাজে নিয়োজিত পেশাজীবিগণ বিশেষ করে সাংবাদিক ও আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যগন এই জামাতে অংশ নিয়ে সহজেই তাঁদের পেশাগত দায়িত্ব পালনে সক্ষম হয়েছেন। এর জন্য তাঁরা রুয়েট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়েছেন।

আইকিউএসি-এর উদ্যোগে সেল্‌ফ এ্যাসেসমেন্ট কর্মশালা অনুষ্ঠিত

রুয়েটে ইন্সটিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে শিক্ষার মানোন্নয়ন ও পরীবিক্ষণে বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন হচ্ছে। আইকিউএসি-এর কর্মকান্ডে আগের ছয়টি বিভাগের সাথে নতুন তিনটি বিভাগ এই বছর থেকে যুক্ত হয়েছে। আইকিউএসি-এর কর্মকান্ডের সাথে নতুনভাবে যুক্ত হওয়া বিভাগ তিনটি হচ্ছে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং ইন্ডাষ্ট্রিয়াল প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ।

আইকিউএসি-এর উদ্যোগে সেল্‌ফ এ্যাসেসমেন্ট কর্মশালায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ সহ শিক্ষকবৃন্দ।

আইকিউএসি-এর কর্মকান্ডের সাথে নতুনভাবে যুক্ত হওয়া বিভাগ তিনটির সংশ্লিষ্ট শিক্ষকদের নিয়ে গত ৮ আগষ্ট সেল্‌ফ এ্যাসেসমেন্ট (এসএ) কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। যন্ত্রকৌশল বিভাগের কনফারেন্স রুমে অনুষ্ঠিত এই কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ। কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি-এর পরিচালক প্রফেসর ড. মো: মোশাররাফ হোসেন।

কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মো: শহীদ উজ জামান। এই কর্মশালায় আইকিউএসি-এর সাথে যুক্ত হওয়া নতুন তিনটি বিভাগে শিক্ষার মানোন্নয়ন ও পরীক্ষণের নিমিত্তে কোন প্রক্রিয়ায় সেল্‌ফ এ্যাসেসমেন্ট (এসএ) করা হবে তা উপস্থাপন করা হয়।

কর্মশালায় উক্ত তিনটি বিভাগের প্রধানগণ এবং আইকিউএসি-এর কার্যক্রম বাস্তবায়নের সাথে সম্পৃক্ত শিক্ষকগণ অংশগ্রহণ করেন।

রুয়েটে শুভ জন্মাষ্টমী পালন

পূজা ও বাণী অর্চনার মধ্যে দিয়ে ১৪ আগষ্ট রুয়েটে পালিত হয় শুভ জন্মাষ্টমী। কেন্দ্রীয় ক্যাফেটেরিয়াতে অনুষ্ঠিত পূজা ও বাণী অর্চনায় শ্রীকৃষ্ণের জীবনের উপর আলোকপাত করা হয়। এছাড়া শ্রীকৃষ্ণের জীবনদর্শন অনুসরণ করে মানবতার কল্যাণসাধনে সবাইকে নিবেদিত ও মনোযোগী হওয়ারও আহ্বান জানানো হয়।

শুভ জন্মাষ্টমী উপলক্ষ্যে পূজা ও বাণী অর্চনায় অংশগ্রহণ করেন রুয়েটের হিন্দু ধর্মাবলম্বী শিক্ষক ও শিক্ষার্থীগন।

শুভ জন্মাষ্টমী উপলক্ষ্যে আয়োজিত পূজা ও বাণী অর্চনায় রুয়েট শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর নীরেন্দ্র নাথ মুস্তফী, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা, পূজা উদযাপন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ বিভিন্ন বিভাগের হিন্দু ধর্মাবলম্বী শিক্ষক ও ছাত্র-ছাত্রীগণ উপস্থিত ছিলেন।

রুয়েটে জাতীয় শোক দিবস পালিত

যথাযথ মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের মধ্যে দিয়ে রুয়েটে পালিত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে রুয়েটে মৌনর‍্যালীতে অংশগ্রহণ করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দ।

রুয়েটে শোক দিবসের কর্মসূচীর মধ্যে ছিল সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন ও হলগুলোতে কালো পতাকা ও জাতীয় পতাকা অর্ধ উত্তোলন। এরপর সকাল সাড়ে ৯ টায় প্রশাসনিক ভবন থেকে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগের নেতৃত্বে বের করা

হয় এক বিশাল শোকর‌্যালী। শোকর‌্যালী রাজশাহী-ঢাকা মহাসড়ক ও রুয়েট ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

সকাল ১০টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। এছাড়া বঙ্গবন্ধু হল চত্বরে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়।

এরপর সকাল সাড়ে ১০ টায় কেন্দ্রীয় শরীরচর্চা কেন্দ্রে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পাশাপাশি কেন্দ্রীয় শরীরচর্চা কেন্দ্রের হল রুমে 'বঙ্গবন্ধুর জীবন দর্শন ও শিক্ষা' নিয়ে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগসহ শিক্ষকবৃন্দ।

আলোচনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। এছাড়া বিশেষ অতিথির বক্তব্য রাখেন রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন, পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আব্দুস সোবহান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, অফিসার্স এ্যাসোসিয়েশনের সদস্য মো. রোকনুজ্জামান রোকন, ছাত্রলীগ রুয়েট শাখার সভাপতি নাইম রহমান নিবিড় ও সাধারণ সম্পাদক চৌধুরী মাহফুজুর রহমান তপু সহ অন্যান্য নেতৃবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব ও সঞ্চালনা করেন যথাক্রমে পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার ও উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা।

এছাড়া কেন্দ্রীয় মসজিদে বাদ যোহর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল সদস্যের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়।

রুয়েট শিক্ষকদের এক দিনের বেতন প্রধানমন্ত্রীর তহবিলে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ

দেশের বিভিন্ন অঞ্চলে বন্যায় ক্ষতিগ্রস্থ অসহায় মানুষদের সহায়তার জন্য রুয়েটের শিক্ষকগন তাঁদের এক দিনের বেতন মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

গত ২৮ আগষ্ট রুয়েট শিক্ষক সমিতির এক সাধারণ সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম জানান, দেশের বিভিন্ন অঞ্চলের মানুষ ভয়াবহ বন্যায় কবলিত হয়ে মারাত্মক দুর্ভোগের মধ্যে দিন কাটাচ্ছেন। এসব অসহায় মানুষের পাশে দাঁড়াতে রুয়েটের শিক্ষকগণ তাদের এক দিনের বেতনের সমপরিমান অর্থ মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রদান করবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন।

রুয়েটের ১৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে ১ সেপ্টেম্বর শুক্রবার রুয়েটের ১৪তম প্রতিষ্ঠা বার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন করা হয়েছে।

সকাল সাড়ে ৯টায় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে রুয়েটের প্রতিষ্ঠা বার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবসের অনুষ্ঠান শুরু হয়। জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে এই দিবসের কর্মসূচি শুরু হয়। ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ জাতীয় পতাকা এবং প্রফেসর এন এইচ এম কামরুজ্জামান সরকার বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন। এসময়ে আনসার বাহিনী প্যারেড করে সালাম প্রদান করেন।

বেলুন উড়িয়ে রুয়েটের প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানের উদ্বোধন করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

এরপর ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শহীদ ছাত্রদের স্মরণে তাঁদের কবরে পুষ্পস্তবক অর্পণ ও দোয়া অনুষ্ঠিত হয়।

রুয়েটের ১৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

সকাল পৌনে ১০ টায় বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। এসময়ে তিনি বলেন, একাডেমিক ও গবেষণা ক্ষেত্রে ব্যাপক সাফল্য দেখিয়ে রুয়েট দেশের অন্যতম বিশ্ববিদ্যালয় হিসেবে স্থান করে নিয়েছে। এই ঐতিহ্যবাহী প্রতিষ্ঠানের অগ্রযাত্রা ও উন্নয়ন অব্যাহত রাখতে তিনি সরকারের সহায়তা কামনা করেন। তিনি রুয়েটে কর্মরত সকল শিক্ষক এবং কর্মকর্তা কর্মচারীদের এই বিশ্ববিদ্যালয়ের কল্যাণের জন্য নিবেদিতভাবে কাজ করে যাওয়ার আহ্বান জানান। উল্লেখ্য, পবিত্র ঈদ-উল-আযহার ছুটি থাকার কারণে এবার বিশ্ববিদ্যালয় দিবসের অনুষ্ঠান সংক্ষিপ্ত করা হয়েছিল।

রুয়েটের স্বপ্নবাজ শিক্ষার্থীদের রেসিং কার অংশ নিল আন্তর্জাতিক প্রতিযোগিতায়

রুয়েটের ২৫ জন স্বপ্নবাজ শিক্ষার্থী তৈরী করেছে রেসিং কার। ২৫ জনের এই দলের নাম দিয়েছে তারা 'ক্র্যাক প্লাটুন'। মহান মুক্তিযুদ্ধে একটি গেরিলা দলের নাম ছিল ক্র্যাক প্লাটুন। শহীদ রুমির নেতৃত্বে এই প্লাটুন পাক হানাদার বাহিনীর উপর সাফল্যের সাথে গেরিলা হামলা চালিয়ে অনন্য নজির স্থাপন করেছিল। এই গেরিলা দলের সাফল্যে অনুপ্রেরিত হয়েই রুয়েটের এই ২৫ জন শিক্ষার্থী তাদের দলের নামকরণ করেছে 'ক্র্যাক প্লাটুন'।

রুয়েটের শিক্ষার্থীদের উদ্ভাবিত রেসিং কার জাপানে একটি আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।

নানা সীমাবদ্ধতা অতিক্রম করে এই দলের সদস্যগন তৈরী করে একটি অত্যাধুনিক রেসিং কার। তাদের উদ্দেশ্য ছিল জাপানে অনুষ্ঠিত 'ফরমুলা স্টুডেন্ট জাপান' প্রতিযোগিতায় অংশগ্রহণ করা। লক্ষ্য স্থির থাকলে অজেয়কে জয় করা যায়। অধরা থাকা স্বপ্নকে তারা জয় করেছে। এই স্বপ্নবাজ ২৫ জন শিক্ষার্থী তাদের উদ্ভাবিত রেসিং কার নিয়ে ৫ থেকে ৯ সেপ্টেম্বর জাপানের সিজিওকা ইকোপো স্টেট বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'ফরমুলা স্টুডেন্ট জাপান' প্রতিযোগিতায় সাফল্যের সাথে অংশগ্রহণ করে। এই প্রতিযোগিতায় বিশ্বের ২৭টি দেশ থেকে ৮৯ টি দল অংশগ্রহণ করে।

তাদের দলের জাপান যাওয়া আসার ব্যয়ের স্পন্সর করেছে রানার গ্রুপ। এছাড়া আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য এগিয়ে এসেছে রুয়েট কর্তৃপক্ষসহ বিভিন্ন প্রতিষ্ঠান।

টিম ক্র্যাক প্লাটুনের দলনেতা মুসা মাহমুদ রানা জানান, ফরমুলা রেসিংয়ের জন্য এই কারের চাকা ও ইঞ্জিনের কিছু অংশ বাদে কারটির ডিজাইন থেকে শুরু করে প্রতিটি ধাপ তারা নিজেদের হাতে করেছে। গত ছয় মাস নিরলসভাবে কাজ করে তারা এই কারটি তৈরী করতে সক্ষম হয়েছে।

মুসা মাহমুদ রানা আরও বলেন, তাদের তৈরী করা রেসিং কারটি প্রতি ঘন্টায় ১৩০ মাইল বেগে ছুটতে পারবে। তবে প্রতিযোগিতার নিয়ম অনুযায়ী গাড়ির গতিসীমা সর্বোচ্চ প্রতি ঘন্টায় মাত্র ১০০ মাইলের মধ্যে সীমাবদ্ধ থাকবে। এছাড়া তাদের কার ফরমুলা ভেজা ট্র্যাক এবং শুকনো ট্র্যাক উভয়তেই সর্বোচ্চ গতিবেগে ছুটতে পারবে।

তিনি আরও জানান, তাদের দলের তৈরী করা চার চাকার কোয়াড বাইক নিয়ে তারা গত বছর ভারতের তামিলনাড়ু- কোয়েমবাটুরে অংশগ্রহণ করে। ঐ প্রতিযোগিতায় তাদের তৈরী করা চার চাকার কোয়াড বাইক ষষ্ঠ স্থান অধিকার করেছিল। এই প্রতিযোগিতায় বিভিন্ন দেশের ৪৪ টি দল অংশগ্রহণ করে।

যথাযথ সহযোগিতা ও স্পন্সর পাওয়া গেলে তাদের দল 'ক্র্যাক প্লাটুন' অভিনব সব উদ্ভাবন করতে সক্ষম হবে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এই টিমের তত্ত্বাবধায়ক যন্ত্রকৌশল অনুষদের বিভাগীয় প্রধান ড. মোঃ রোকনুজ্জামান বলেন, এই স্বপ্নবাজ শিক্ষার্থীদের রেসিং কার তৈরীতে রানার গ্রুপ এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সর্বাত্মক সহযোগিতা করেছে। কারটি তৈরী করতে ফ্যাকাল্টি এ্যাডভাইজার হিসেবে কাজ করেছেন মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর ড. মোঃ এমদাদুল হক ও যন্ত্রকৌশল বিভাগের প্রভাষক সাইফুর রহমান।

রুয়েটের ২০১২ সিরিজের শিক্ষার্থীদের র‌্যাগ ডে পালন

রুয়েটের ২০১২ সিরিজের শিক্ষার্থীরা তাদের শিক্ষাজীবন সমাপনী উপলক্ষ্যে ১৩ সেপ্টেম্বর র‌্যাগ ডে উদযাপন করেছে।

সকাল ১১ টায় ক্যাম্পাসের প্রশাসনিক ভবন থেকে ২০১২ সিরিজের শিক্ষার্থীরা বিশাল শোভাযাত্রা বের করে। শোভাযাত্রার নেতৃত্ব দেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। এসময়ে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার। শোভাযাত্রাটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবন চত্বরে শেষ হয়।

রুয়েটের ২০১২ সিরিজের শিক্ষার্থীদের র‌্যাগ ডে-এর শোভাযাত্রার উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

এসময়ে এক সংক্ষিপ্ত সমাবেশে বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বলেন, 'রুয়েটে শিক্ষা শেষ করায় তোমাদের অভিনন্দন। এখন তোমাদের কর্মজীবনে প্রবেশ করতে হবে এবং দেশ ও মানুষের সেবায় কাজ করতে হবে। তোমাদের সেবা দেয়ার সাফল্যের উপর নির্ভর করছে রুয়েটের মান মর্যাদা। আশা করি তোমরা এই ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে যোগ্যতার সাথে দেশে এবং বহি:বিশ্বে সাফল্যের সাথে পেশাগত দায়িত্ব পালনে সক্ষম হবে।'

শোভাযাত্রা শেষে সকল ছাত্রছাত্রী মেতে উঠে আনন্দ উচ্ছাসে। বৃষ্টিস্নাত দিনে তারা রং মেখে, নেচে গেয়ে তাদের শিক্ষা জীবনের সমাপনী উদযাপন করে। তাদের আনন্দ আর উল্লাসে পুরো ক্যাম্পাস রঙিন হয়ে উঠে। সকলের চোখে মুখে ফুটে উঠে আবেগের বাঁধভাঙ্গা জোয়ার। তাদের আবেগকে ভাসিয়ে দেয় অঝর ধারার বৃষ্টি।

র‌্যাগ ডে উপলক্ষ্যে ১৫ সেপ্টেম্বর শুক্রবার বিকেলে কেন্দ্রীয় অডিটোরিয়ামে মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান এবং লাইভ কনসার্টের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রফেসর ড. মো: আব্দুল আলীম, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহাসহ বিভিন্ন বিভাগের শিক্ষকগণ।

রুয়েটে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষাকে সমৃদ্ধ করে আন্তর্জাতিক পর্যায়ে বাংলা ভাষাকে উপস্থাপন ও সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্যে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মাধ্যমে

একটি প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের আওতায় গত ১৭ সেপ্টেম্বর রুয়েটের যন্ত্রকৌশল বিভাগের সেমিনার রুমে একটি নলেজ শেয়ারিং সেমিনার অনুষ্ঠিত হয়। রুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এই সেমিনারটি আয়োজন করে।

তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ বিষয়ক সেমিনারে মঞ্চে প্রধান অতিথি ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ এর সাথে অন্যান্যরা ।

এই সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহা: রফিকুল আলম বেগ। অনুষ্ঠানে এই প্রকল্পের পরিচালক মো: ছারোয়ার মোস্তফা চৌধুরী বিশেষ অতিথি হিসেবে প্রকল্পের ধারণাপত্র এবং বিভিন্ন কর্মকান্ড উপস্থাপন করেন।

সেমিনারের কারিগরি অধিবেশনে এই বিষয়ে চারটি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়। রুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর ড. মো: রবিউল ইসলাম, সহকারী অধ্যাপক মো: আল মেহেদী হাসান, মানবিক বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ হারুন অর রশীদ এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রফেসর ড. সফিকুন্নবী সামাদী প্রবন্ধগুলো উপস্থাপন করেন।

সেমিনারের শেষ পর্বে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন প্রকল্পের পরামর্শক মো. হারুন অর রশিদ। সেমিনারে বিভিন্ন বিভাগের শিক্ষক ছাড়াও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভিন্ন বর্ষের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে।

জাপানের আইটি সেক্টরে রুয়েটের শিক্ষার্থীদের কর্মসংস্থান সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত

প্রতিবছর রুয়েট থেকে আইসিটি বিষয়ে গ্রাজুয়েশন করে যে সকল শিক্ষার্থী বের হচ্ছেন, তাদের জন্য জাপানের বড় বড় কোম্পানীগুলোর আইটি সেক্টরে ভাল কর্মসংস্থানের সুযোগ রয়েছে।

জাপানে রুয়েট শিক্ষার্থীদের কর্মসংস্থানের সুযোগ বিষয়ক সেমিনারে উপস্থিত শিক্ষক ও শিক্ষার্থীগন।

গত ১৮ সেপ্টেম্বর বিকেলে রুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে আয়োজিত এক কর্মশালায় এই সুযোগের কথা ব্যক্ত করেন জাপানের লিং স্টাফ কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ইয়াসুয়াকি সুজিতা। তিনি বলেন, জাপানের সনি, হিটাচি, মিৎশুবিশি, তোশিবা, ফুজিসহ বিভিন্ন বড় বড় কোম্পানীগুলোর আইটি সেক্টরে প্রতিবছর নতুন লোকবল প্রয়োজন পড়ে। রুয়েটের আইসিটি বিষয়ক বিভাগগুলো থেকে যেসব শিক্ষার্থী ডিগ্রী লাভ করেন, তাদের জন্য জাপানের এসব বৃহৎ কোম্পানীগুলোর আইটি সেক্টরে কর্মসংস্থানের ব্যাপক সুযোগ রয়েছে। উক্ত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন রুয়েটের ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কম্পিউচার সায়েন্স-এর পরিচালক প্রফেসর ড. মো: শহীদ উজ জামান ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ড. মো: রবিউল ইসলাম, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান প্রমূখ।

এই কর্মশালায় রুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষকগণ এবং বিভিন্ন বর্ষের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করেন। এছাড়া প্রশ্নত্তোর পর্বে শিক্ষার্থীরা জাপানে কর্মসংস্থানের সুযোগ সংক্রান্ত বিভিন্ন প্রশ্ন উপস্থাপন করেন।

জাপানের লিং স্টাফ কোম্পানীর প্রতিনিধি দলের সাথে ভাইস চ্যান্সেলরের মত বিনিময় সভা

জাপানের লিং স্টাফ কোম্পানী জাপানের বিভিন্ন বড় কোম্পানীতে জনবল নিয়োগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশের আইটি সেক্টরের শিক্ষার্থীদের কিভাবে জাপানের বড় কোম্পানীগুলোতে জনবল নিয়োগ দেয়া যায়, তার সম্ভাব্যতা যাচাই করার জন্য লিং স্টাফ কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ইয়াসুয়াকি সুজিতার নেতৃত্বে একটি প্রতিনিধি দল গত ১৮ সেপ্টেম্বর বিকেলে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ এর সাথে সাক্ষাৎ করে এক মতবিনিময় সভায় মিলিত হোন।

জাপানের স্টাফ লিংক কোম্পানীর প্রতিনিধি দলের সাথে মতবিনিময় সভায় মিলিত হন ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহা: রফিকুল আলম বেগ।

মি: ইয়াসুয়াকি সুজিতা ভাইস চ্যান্সেলরকে জানান, জাপানের বড় বড় কোম্পানীগুলোতে আইটি সেক্টরে দক্ষ জনবলের ব্যাপক চাহিদা রয়েছে। এই চাহিদা পুরণে রুয়েটের আইটি সংক্রান্ত বিভাগের শিক্ষার্থীগন ব্যাপক ভূমিকা রাখতে পারে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. বেগ বলেন, রুয়েট আইসিটি শিক্ষা ও গবেষণার মানোন্নয়নের বিষয়টি ব্যাপকভাবে গুরুত্ব দিচ্ছে। রুয়েটের আইটি সংক্রান্ত বিভাগগুলোর শিক্ষার্থীরা অনেক মেধাবী ও দক্ষ। তিনি আশা করেন জাপানের আইটি সেক্টরে স্টাফ লিংক কোম্পানী রুয়েটের শিক্ষার্থীদের নিয়োগে একটি কার্যকর সেতুবন্ধন তৈরী করতে সক্ষম হবে।

মত বিনিময় সভাকালে রুয়েটের ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি) এর পরিচালক প্রফেসর ড. মো: শহীদ উজ জামানসহ স্টাফ লিংক কোম্পানীর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

কর্মচারী সমিতির নবীন বরণ ও সাধারণ সভা অনুষ্ঠিত

রুয়েট কর্মচারী সমিতির উদ্যোগে গত ২০ সেপ্টেম্বর দুপুরে নতুন কর্মচারীদের নবীন বরণ এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো: মোশাররাফ হোসেন, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী ও সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো: আব্দুল আলীম, কর্মকর্তা সমিতির সভাপতি মো: শাহনেওয়াজ সরকার সেন্টু ও সাধারণ সম্পাদক মো: আহসান হাবীব।

রুয়েট কর্মচারী সমিতির নবীন বরণ ও সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

অনুষ্ঠানে রুয়েটে সদ্য যোগদানকৃত কর্মচারীদের ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ। এছাড়া তিনি কর্মচারী সমিতির উদ্যোগে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব ও সঞ্চালনা করেন কর্মচারী সমিতির সভাপতি মো: মুরাদ হোসেন ও সাধারণ সম্পাদক খ. ম. আবু আহমেদ।

অনুষ্ঠান শেষে কর্মচারী সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এই সভায় সকল পর্যায়ের কর্মচারীগন উপস্থিত ছিলেন। সভায় বর্তমান কমিটির মেয়াদ পূর্ণ হওয়ায় নতুন নির্বাচন করার জন্য আহ্বায়ক কমিটি গঠন করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে সিনিয়র ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান মো: কামাল হোসেনকে আহ্বায়ক এবং কম্পিউটার অপারেটর মো: তাহসেন আলীকে সদস্য সচিব করা হয়েছে। সাধারণ সদস্য করা হয়েছে ডাটা প্রসেসর মো: রেজাউল করিম, লাইব্রেরী এ্যাটেনডেন্ট মো: শরিফুল ইসলাম ও সিনিয়র টেকনিশিয়ান মো: রবিউল ইসলামকে।

শিক্ষক সমিতির ঈদ পুনর্মিলন ও শিক্ষক লাউঞ্জের উদ্বোধন

গত ২১ সেপ্টেম্বর রুয়েট শিক্ষক সমিতির উদ্যোগে ঈদ পুনর্মিলন অনুষ্ঠানের আয়োজন করা হয়। একই সাথে কেন্দ্রীয় ক্যাফেটেরিয়াতে শিক্ষক লাউঞ্জের উদ্বোধন করা হয়।

কেন্দ্রীয় ক্যাফেটিরিয়াতে কেক কেটে শিক্ষক লাউঞ্জের উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

শিক্ষকদের ঈদ পুনর্মিলন ও শিক্ষক লাউঞ্জের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো: আলীম হোসেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা।

কেন্দ্রীয় ক্যাফেটিরিয়াতে ফিতা কেটে শিক্ষক লাউঞ্জের উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

অনুষ্ঠানে রুয়েটের সকল বিভাগের শিক্ষক এবং তাঁদের পরিবারের সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। তাঁদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান সবাইকে মুগ্ধ করে।

অনুষ্ঠান শেষে শিক্ষক লাউঞ্জের উদ্বোধন কালে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ বলেন, এই বিশ্ববিদ্যালয়ের অগ্রগতি ও অগ্রযাত্রায় শিক্ষকগণ নিরন্তন অবদান রেখে চলেছেন। আজ তাঁদের জন্য শিক্ষক লাউঞ্জের উদ্বোধন করতে পেরে তিনি গর্ব অনুভব করছেন।

রুয়েটে প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ১৭ নভেম্বর

রুয়েটের ২০১৭-২০১৮ শিবর্ষে প্রথম বর্ষ স্নাতক কোর্সের ভর্তি পরীক্ষা আগামী ১৭ নভেম্বর শুক্রবার অনুষ্ঠিত হবে।

রুয়েটের বিভিন্ন অনুষদের ডীন এবং বিভাগীয় প্রধানদের সমন্বয়ে অনুষ্ঠিত এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বলা হয় আসন্ন প্রথম বর্ষ স্নাতক শ্রেণীতে ভর্তি পরীক্ষা পদ্ধতি গত বছরের মতই বলবৎ থাকবে। তবে ভর্তির আবেদনের ক্ষেত্রে কিছুটা পরিবর্তন আসবে।

চলতি বছর ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের রুয়েটের ওয়েবসাইট (www.ruet.ac.bd) এর মাধ্যমে আবেদন করতে হবে। এছাড়া আবেদন করার পর শিক্ষার্থীরা তাদের ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার জন্য প্রবেশপত্র উক্ত ওয়েবসাইট থেকেই ডাউনলোড করে নিতে পারবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি শীঘ্রই বিভিন্ন পত্রিকায় এবং রুয়েটের ওয়েবসাইটে (www.ruet.ac.bd) প্রকাশ করা হবে বলেও তিনি জানান।

সভায় ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন, পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আব্দুস সোবহান, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান, ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. এস এম আব্দুর রাজ্জাক, এ্যাপলাইড সায়েন্স এন্ড

ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাজেদুর রহমানসহ বিভিন্ন বিভাগের প্রধানগণ উপস্থিত ছিলেন।

রুয়েটে কম্পিউটার ব্যবহারকারীদের র‍্যানসমওয়্যার ভাইরাস সম্পর্কে সতর্কীকরণ

সাম্প্রতিক সময়ে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের কম্পিউটার নেটওয়ার্কে সাইবার হামলা চালাচ্ছে হ্যাকারগন। এই সাইবার হামলার অংশ হিসেবে বিশ্বের একশ'টিরও বেশি দেশে ইন্টারনেট সংযোগ ব্যবহারকারী কম্পিউটারে 'র‍্যানসমওয়্যার' নামক একটি ভাইরাস আক্রমণ করে। এই ভাইরাসের আক্রমনে কম্পিউটারের সকল তথ্য এনক্রিপ্টেড হয়ে যাচ্ছে এবং ডাটাবেজ উদ্ধারের জন্য অর্থ দাবী করছে হ্যাকারগণ।

রুয়েটে ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার ব্যবহারকারী শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের এই ভাইরাস সম্পর্কে সতর্ক থাকার জন্য বিশেষ নোটিশ জারী করা হয়েছে। বিশেষ করে রুয়েটের দাপ্তরিক প্রয়োজনে ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার ব্যবহারকারীদের তাঁদের কম্পিউটারে উইনডোজ টেন অপারেটিং সিস্টেম এবং লাইসেন্সকৃত এ্যান্টি ভাইরাস ব্যবহার করার পরামর্শ দেয়া হয়েছে। এই সতর্কতা জারীর পর রুয়েটের সকল দপ্তরের কম্পিউটার নেটওয়ার্কে ভাইরাস আক্রমণ প্রতিরোধক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

রুয়েটে এটুআই প্রকল্পের উদ্ভাবনী প্রতিযোগিতা সম্পর্কে ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের অধীন এ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পের পক্ষ থেকে বিভিন্ন উদ্ভাবনী প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। এসব উদ্ভাবনী প্রতিযোগিতায় রুয়েটের শিক্ষার্থীদের অংশ নিতে উৎসাহিত করার জন্য ওরিয়েন্টেশন অত্যন্ত সফলভাবে অনুষ্ঠিত হয়েছে।

ওরিয়েন্টেশনে বলা হয় রুয়েটের শিক্ষার্থীগন উইমেনস ইনোভেশন ক্যাম্প, ডিজেবিলিটি চ্যালেঞ্জ ফান্ড এবং কৃষি চ্যালেঞ্জ ফান্ডে অংশ নিয়ে আর্থিক সহায়তা পেতে পারে। ওরিয়েন্টেশনে এসব উদ্ভাবনী প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী ও পদ্ধতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া উপস্থিত শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেয়া হয়।

এ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পের পক্ষ থেকে এই ওরিয়েন্টেশনে বক্তব্য রাখেন সফটওয়্যার ইঞ্জিনিয়ার শাকিলা রহমান। ওরিয়েন্টেশনে পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার ও উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে রুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন।

প্রাণীজগতকে ক্যামেরাবন্দি করে অনন্য নজির স্থাপন করেছে রুয়েটের দুই শিক্ষার্থী

রুয়েটের চতুর্থ বর্ষের শিক্ষার্থী মো: রিফাত ইকবাল ও শ্রী দিপু দত্ত। পড়াশুনার পাশাপশি তারা অত্যাধুনিক ক্যামেরা দিয়ে প্রাণীজগতকে সংরক্ষণ করার আপ্রাণ চেষ্টা চালিয়ে অনন্য নজির স্থাপন করেছে ।

রুয়েটের অন্যান্য শিক্ষার্থী যখন কাশ ও পরীক্ষা নিয়ে একটু অবসর কাটায় বন্ধুবান্ধবের সাথে আড্ডা দিয়ে তখন রিফাত ও দিপু তাদের শখের ক্যামেরা নিয়ে চলে যায় রাজশাহীর বিভিন্ন প্রান্তরে বিভিন্ন প্রজাতির পাখির জীবনাচরণ ক্যামেরাবন্দি করতে। গত চার বছরেরও বেশী সময় ধরে তারা বিভিন্ন প্রজাতির পাখির ছবি ক্যামেরাবন্দি করে আসছে।

রিফাত ও দিপু জানায়, তারা বিভিন্ন প্রজাতির পাখির নান্দনিক রূপ এবং বৈচিত্রে ভরপুর জীবনযাত্রা ক্যামেরার ফ্রেমে বন্দি করে ভবিষ্যৎ প্রজন্মের জন্য সংরক্ষণ করতে চায়। যান্ত্রিক সভ্যতার বিকাশের সাথে বিভিন্ন প্রজাতির পাখি ও প্রাণীকুল হারিয়ে যেতে বসেছে। অথচ বাংলাদেশের অপরূপ প্রকৃতির অপূর্ব উপহার নানান বিচিত্র প্রজাতির পশু পাখি। এ দেশের মানুষ পশু পাখির কলকাকলীতে ঘুমিয়ে পড়ে আবার তাদের কোলাহলে জেগে উঠে। কিন্ত বর্তমানে প্রকৃতির এই অপূর্ব রূপ হারিয়ে যাচ্ছে।

বাংলাদেশের পশু পাখি সংরক্ষণে সর্বস্তরের মানুষের মধ্যে সচেতনতাবোধ সৃষ্টি করতে তারা পশু পাখি ও প্রাণীজগতের নানা বৈচিত্রে ভরপুর ছবি ক্যামেরাবন্দি করেছে। ভবিষ্যতে তারা দেশের প্রতিটি প্রান্তরে এসব দূর্লভ ছবির প্রদর্শনীর আয়োজন করবে বলে জানিয়েছে। পড়াশোনার পাশাপাশি তারা এ কাজ চালিয়ে যাচ্ছে, যা এক অনন্য নজির।

প্রফেসর ড. মো: মোশাররাফ হোসেন আইপিই বিভাগের প্রধান হিসেবে পুন: নিয়োগপ্রাপ্ত হলেন

ইন্ডাষ্ট্রিয়াল প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে পুন:নিয়োগ পেয়েছেন প্রফেসর ড. মো: মোশাররাফ হোসেন। তিনি আগামী দুই বছর এই বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন। গত ২৮ জুলাই রুয়েট কর্তৃপক্ষ তাঁকে এই পদে দুই বছরের জন্য পুন:নিয়োগ প্রদান করে।

প্রফেসর ড. মো: মোশাররাফ হোসেন ১৯৮৪ সালে এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগ থেকে বিএসসি এবং ১৯৯৫ সালে থাইল্যান্ডের এশিয়ান ইন্সটিটিউট অব টেকনোলজি (এআইটি) থেকে এমএসসি ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি ২০০৮ সালে ইংল্যান্ডের নাটিংহাম বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৮৬ সালে এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করার পর বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিষ্ট্রারসহ বিভিন্ন পদে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে চলেছেন।

প্রফেসর ড. মো: শামীমুর রহমান জিসিই বিভাগের প্রধান হিসেবে পুন: নিয়োগপ্রাপ্ত হলেন

গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং (জিসিই) বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে পুন:নিয়োগ পেলেন প্রফেসর ড. মো: শামীমুর রহমান। ২৮ জুলাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে এই বিভাগের প্রধান হিসেবে পুন:নিয়োগ প্রদান করে। তিনি এই বিভাগের প্রতিষ্ঠাতা বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।

প্রফেসর ড. মো: শামীমুর রহমান ১৯৯৬ সালে এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগ থেকে বিএসসি এবং ২০১০ সালে জাপানের তোকুশিমা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী লাভ করেন।

তিনি ১৯৯৯ সালের ২৪ জুন এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করলেও পরবর্তীতে গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রফেসর হিসেবে যোগদান করেন।

গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান হিসেবে পুন:নিয়োগ প্রাপ্তিতে তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে বলেছেন, এই বিভাগকে রুয়েটের অন্যতম শ্রেষ্ঠ বিভাগ হিসেবে গড়ে তুলতে তিনি সর্বাত্মক চেষ্টা চালাবেন।

প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার পুরকৌশল বিভাগের প্রধান হিসেবে নিয়োগপ্রাপ্ত হলেন

পুরকৌশল বিভাগের প্রধান হিসেবে নিয়োগ পেয়েছেন প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৬ এপ্রিল তাঁকে এই গুরুত্বপূর্ণ বিভাগের প্রধান হিসেবে নিয়োগ প্রদান করে। আগামী দুই বছর তিনি এ বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন।

প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার ১৯৯৬ সালে এই বিভাগের পুরকৌশল বিভাগ থেকে বিএসসি এবং ২০০৪ সালে থাইল্যান্ডের এশিয়ান ইন্সটিটিউট অব টেকনোলজি (এআইটি) থেকে এমএসসি ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে ২০০৯ সালে তিনি জাপানের ইবারাকি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯৯ সালের ২৪ জুন পুরকৌশল বিভাগে প্রভাষক হিসেবে যোগদানের পর থেকে তিনি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করে চলেছেন। বর্তমানে তিনি পরিচালক (ছাত্রকল্যাণ) হিসেবেও দায়িত্ব পালন করছেন।

পুরকৌশল বিভাগের প্রধান হিসেবে তিনি বলেন, এই বিভাগের অগ্রযাত্রা ও শ্রেষ্ঠত্ব বজায় রাখার জন্য তিনি সর্বাত্মক প্রচেষ্টা চালাবেন।

প্রফেসর ড. অজয় কৃষ্ণ সরকার ত ও ই বিভাগের প্রধান হিসেবে নিয়োগ প্রাপ্ত হলেন

ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে নিয়োগ দেয়া হয়েছে প্রফেসর ড. অজয় কৃষ্ণ সরকারকে। গত ২৬ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে এই বিভাগের প্রধান হিসেবে নিয়োগ প্রদান করে। প্রফেসর ড. অজয় কৃষ্ণ সরকার ১৯৯৩ সালে এই বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক বিভাগ থেকে বিএসসি ও ২০০৬ সালে জাপানের মায়ি বিশ্ববিদ্যালয় থেকে এম ইঞ্জিনিয়ারিং এবং ২০১৪ সালে অষ্ট্রেলিয়ার গ্রিফিথ বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৯৮ সালে এই বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন।

ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে নিয়োগ প্রাপ্তিতে ড. অজয় কৃষ্ণ সরকার বলেন বিভাগীয় প্রধান হিসেবে এই বিভাগে পোষ্ট গ্রাজুয়েট পর্যায়ে শিক্ষা ও গবেষণা বৃদ্ধির ব্যাপারে আন্তরিক চেষ্টা চালিয়ে যাবেন।

প্রফেসর ড. মো: আব্দুল কাদের জিলানী পদার্থবিদ্যা বিভাগের প্রধান হিসেবে নিয়োগপ্রাপ্ত হলেন

পদার্থবিদ্যা বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে নিয়োগ প্রাপ্ত হলেন প্রফেসর ড. মো: আব্দুল কাদের জিলানী। গত ২৬ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে এই বিভাগের প্রধান হিসেবে নিয়োগ প্রদান করে।

ড. মো: আব্দুল কাদের জিলানী ১৯৯১ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগ থেকে বিএসসি (অর্নাস) ও ১৯৯২ সালে এমএসসি (মাস্টার্স) এবং ২০০২ সালে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯৮ সালের ৪ নভেম্বর এই বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন।

পদার্থবিদ্যা বিভাগের প্রধান হিসেবে নিয়োগ প্রাপ্তিতে তিনি বলেন এই বিভাগের কার্যক্রমকে আরও এগিয়ে নিয়ে যাবার জন্য তিনি সর্বদা সচেষ্ট থাকবেন।

প্রফেসর ড. মো: ফিরুজ আলম গণিত বিভাগের প্রধান হিসেবে নিয়োগপ্রাপ্ত হলেন

গণিত বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে নিয়োগ প্রাপ্ত হলেন প্রফেসর ড. মো: ফিরুজ আলম। গত ২৫ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে এই বিভাগের প্রধান হিসেবে নিয়োগ প্রদান করে।

প্রফেসর প্রফেসর ড. মো: ফিরুজ আলম ১৯৮৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ থেকে বিএসসি (অর্নাস) ও ১৯৮৫ সালে এমএসসি ডিগ্রী লাভ করেন। এছাড়া তিনি ২০০০ সালে এমফিল এবং ২০১০ সালে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯০ সালের ২৭ ফেব্রুয়ারী এই বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন।

গণিত বিভাগের প্রধান হিসেবে নিয়োগ প্রাপ্তিতে তিনি বলেন, এই বিভাগের অধীন অর্নাস ও মাস্টার্স কোর্স চালু করার জন্য তিনি সর্বাত্মক চেষ্টা চালাবেন।

প্রকৌশলী অমিত রায় চৌধুরী রুয়েটের অধিকতর উন্নয়ন প্রকল্পের পরিচালক হিসেবে নিযুক্ত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন ও সম্প্রসারণ এবং শিক্ষা ও গবেষণার মনোন্নয়নের জন্য শীঘ্রই বাস্তবায়ন শুরু হবে অধিকতর উন্নয়ন প্রকল্পের কার্যক্রম। শিক্ষা মন্ত্রণালয়ের সহায়তা একনেকে এই মেগা প্রকল্প বাস্তবায়নের জন্য ইতিমধ্যে ৩৪০ কোটি ১৩ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছে।

RUET Bulletin

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি ত্রৈ-মাসিক প্রকাশনা

৩য় বর্ষ :: ১১তম সংখ্যা :: জুলাই-সেপ্টেম্বর ২০১৭

'রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন' শীর্ষক এই প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও রক্ষণাবেক্ষণের নিমিত্তে পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে রুয়েটের প্রকৌশল শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) অমিত রায় চৌধুরীকে। প্রকৌশলী (তড়িৎ) অমিত রায় চৌধুরী ১৯৮৮ সালে এই বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং (তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল) ডিগ্রী এবং ২০০১ সালে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯২ সালের ১৫ মার্চ এই বিশ্ববিদ্যালয়ে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেন। ২০০৯ সালে ৩১ ডিসেম্বর তিনি রুয়েটের প্রকৌশল শাখায় নির্বাহী প্রকৌশলী হিসেবে যোগদান করেন। তিনি ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) পদে পদোন্নতি লাভ করে বর্তমানে এই পদে দায়িত্ব পালন করে আসছেন। এমন একটি গুরুত্বপূর্ণ প্রকল্পের পরিচালক হিসেবে নিয়োগ প্রাপ্তিতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

প্রকৌশলী অমিত রায় চৌধুরী জানান, এই প্রকল্পটি একটি মেগা প্রকল্প, যার আওতায় এ বিশ্ববিদ্যালয়ে নতুন একাডেমিক ভবন, অনুষদ ভবন, গবেষণাগার, মেডিক্যাল সেন্টার, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আবাসিক ভবন এবং ছাত্র-ছাত্রীদের জন্য আবাসিক হল নির্মাণ করা হবে। ভবনগুলোর বেশীরভাগই হবে দশতলা বিশিষ্ট অত্যাধুনিক সুবিধাসম্পন্ন ভবন। এই প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন শেষ হওয়ার পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আমূল পরিবর্তন সাধিত হবে এবং এটি হবে একটি অত্যাধুনিক সুবিধাসম্পন্ন বিশ্ববিদ্যালয়।

রুয়েটের বিভিন্ন হলে প্রভোস্ট ও সহকারী প্রভোস্ট নিয়োগ

রুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দকে তিনটি আবাসিক হলের প্রভোস্ট ও সহকারী প্রভোস্ট হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। ৩০ মে তাঁদের এই পদে দুই বছরের জন্য নিয়োগ প্রদান করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শহীদ শহীদুল ইসলাম হলের প্রভোস্ট হিসেবে নিয়োগ প্রাপ্ত হয়েছেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো: আল মামুন। এছাড়া এই হলের সহকারী প্রভোস্ট হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে আরবান এন্ড রিজিউনাল প্ল্যানিং বিভাগের প্রভাষক আনুতোষ দাশকে।

মো: আল মেহেদী হাসান
সহকারী প্রভোষ্ট
শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান হল

দেশরত্ন শেখ হাসিনা হলে সহকারী প্রভোষ্ট হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে যথাক্রমে ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক বিভাগের সহকারী অধ্যাপক ড. মো: শামিম আনোয়ার এবং গ্লাস এন্ড সিরামিক বিভাগের সহকারী অধ্যাপক তাসমিয়া জামানকে।

এছাড়া শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান হলে সহকারী প্রভোষ্ট হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মো: আল মেহেদী হাসান এবং মানবিক (ইংরেজি) বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ হারুন অর রশীদকে। শহীদ লে: সেলিম হলের সহকারী প্রভোষ্ট হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স বিভাগের প্রভাষক মো: তারেক হোসেনকে ।

উল্লেখিত নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ স্ব স্ব হলের প্রভোষ্ট এবং সহকারী প্রভোষ্ট হিসেবে আগামী দুই বছরের জন্য দায়িত্ব পালন করবেন।

মো: আল মামুন
প্রভোষ্ট
শহীদ শহীদুল ইসলাম হল

আনুতোষ দাশ
সহকারী প্রভোষ্ট
শহীদ শহীদুল ইসলাম হল

ড. মো: শামিম আনোয়ার
সহকারী প্রভোষ্ট
দেশরত্ন শেখ হাসিনা হল

তাসমিয়া জামান
সহকারী প্রভোষ্ট
দেশরত্ন শেখ হাসিনা হল

মোহাম্মদ হারুন অর রশীদ
সহকারী প্রভোষ্ট
শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান হল

মো: তারেক হোসেন
সহকারী প্রভোষ্ট
শহীদ লে: সেলিম হল

উপ-পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) পদে নিয়োগ প্রাপ্ত হলেন প্রকৌশলী মুফতি মাহমুদ রনি

রুয়েটের রেজিষ্ট্রার দপ্তরের সহকারী রেজিষ্ট্রার প্রকৌশলী মুফতি মাহমুদ রনি গবেষণা ও সম্প্রসারণ দপ্তরে উপ-পরিচালক হিসেবে নিয়োগ প্রাপ্ত হয়েছেন। ৩০ এপ্রিল তিনি এই পদে যোগদান করেন।

প্রকৌশলী মুফতি মাহমুদ রনি ২০০৩ সালে এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং (যন্ত্রকৌশল) ডিগ্রী অর্জনের পর ২০১১ সালের ৩০ মে সহকারী রেজিষ্ট্রার পদে যোগদান করেন। তিনি ২০১২ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ থেকে এমবিএ এবং রুয়েটের যন্ত্রকৌশল বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন।

উপ-রেজিষ্ট্রার (একাডেমিক) পদে নিয়োগ পেলেন দীলিপ কুমার ঘোষ

রুয়েটের একাডেমিক শাখার সহকারী রেজিষ্ট্রার জনাব দীলিপ কুমার ঘোষ উপ-রেজিষ্ট্রার (একাডেমিক) হিসেবে নিয়োগ পেয়েছেন। ৩০ এপ্রিল তিনি এই পদে যোগদান করেন।

দীলিপ কুমার ঘোষ ১৯৯৩ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগী অর্জন করেন। ২০০২ সালে তিনি বরেন্দ্র কলেজে প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করে সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি পান। তিনি ২০১১ সালের ৩০ মে এই বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিষ্ট্রার পদে যোগদান করেন।

সম্পাদনা পরিষদ: সভাপতি: প্রফেসর ইকবাল মতিন, সদস্য: প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান, ড. মোঃ আল মামুন, জনাব মোঃ সাব্বির আহসান।

সম্পাদক: মোঃ গোলাম মুরতুজা :: প্রেস এন্ড পাবলিকেশন সেকশন, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।

ফোন: পিএবিএক্স: +৮৮০-৭২১-৭৫০৭৪২-৩ (৬৬৯) ফ্যাক্স: +৮৮০-৭২১-৭৫০১০৫, ই-মেইল: pro.ruet@gmail.com, ওয়েবসাইট: www.ruet.ac.bd